



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৮.০০১.২২.২৪২

তারিখ: ৭ আষাঢ় ১৪৩০

২১ জুন ২০২৩

বিষয়: পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কোরবানির পশুর চাহিদা নিরূপণ, সরবরাহ এবং দেশের প্রত্যন্ত অঞ্চলে কোরবানির পশুর অবাধ চলাচল/পরিবহণ নিশ্চিতকল্পে জনাব শ ম রেজাউল করিম এমপি, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে ১৪/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর ১, ৩ ও ৫ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী (ছায়ালিপি সংযুক্ত) নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১.০। দেশের প্রত্যন্ত জেলা থেকে গবাদি পশুর নির্বিঘ্ন পরিবহন নিশ্চিত করতে হবে এবং কোন প্রকার চাঁদাবাজি যেন না হয় তা নিশ্চিতকরণ;
- ২.০। সীমান্তবর্তী জেলাসমূহে অবৈধ গবাদি পশুর অনুপ্রবেশ বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজিবি, র‍্যাব, নৌ পুলিশ, হাইওয়ে পুলিশ ও বাংলাদেশ কোস্টগার্ড কে নির্দেশনা প্রদান;
- ৩.০। কোরবানির হাটে আগত পশু ও পশু বিক্রেতার নিরাপত্তা নিশ্চিতকরণে আইন শৃঙ্খলা রক্ষাকারী বিভাগকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- ৪.০। খামারী তার পশু দূরবর্তী হাটে নিতে চাইলে রাস্তাঘাটে জোর করে নামাতে বাধ্য না করা;
- ৫.০। হাটের বাইরে এবং On-Line এ গবাদি পশু কেনাবেচার ক্ষেত্রে ইজারা সংক্রান্ত হয়রানি বন্ধ এবং এক্ষেত্রে হাসিল আদায় না করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সংযুক্তিঃ বর্ণনামতে, ৫ (পাঁচ) পাতা।

২১-৬-২০২৩

মুহাম্মদ আনোয়ার হোসেন

উপসচিব

ফোন: ২২৩৩৮১১৭

ফ্যাক্স: 9512220

ইমেইল: livestock-2@mofl.gov.bd

সিনিয়র সচিব

জননিরাপত্তা বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৮.০০১.২২.২৪২/১(৫)

তারিখ: ৭ আষাঢ় ১৪৩০

২১ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



২১-৬-২০২৩

মুহাম্মদ আনোয়ার হোসেন
উপসচিব